

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৮৬

বিশালগড়, ১২ এপ্রিল, ২০২৫

**ক্যান্সার রোগ সনাক্তকরণে বিশালগড়ে প্রশিক্ষণ শিবির**

জাতীয় স্বাস্থ্য মিশন ও সিপাহীজলা জেলা মুখ্য স্বাস্থ্য অধিকারিকের কার্যালয়ের উদ্যোগে এবং বিশালগড় মহকুমা হাসপাতালের সহযোগিতায় সম্প্রতি বিশালগড় মহকুমা হাসপাতালে প্রাথমিকভাবে ক্যান্সার সনাক্তকরণ ও চিকিৎসা বিষয়ে একদিনের প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে উপস্থিত থেকে প্রাথমিকভাবে ক্যান্সার রোগ সনাক্তকরণ ও চিকিৎসার বিষয়ে রাজ্যে বিশিষ্ট চিকিৎসক ও ক্যান্সার স্টেট প্রোগ্রাম অধিকারিক ডা. অরুণ রায় বর্মন বিশালগড় মহকুমা হাসপাতালের নির্বাচিত চিকিৎসক, নার্সিং অধিকারিকদের ও স্বাস্থ্য কর্মীদের প্রশিক্ষণ দেন। সিপাহীজলা মুখ্য স্বাস্থ্য অধিকারিক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*